



# CHILD HEALTH PLUS প্ল্যান

চয়ন করা

NY State of Health মার্কেটপ্লেস-এর মাধ্যমে  
প্ল্যান নির্বাচন করার সাহায্যকারী পরামর্শ

**NYC** Human Resources  
Administration  
Department of  
Social Services

**CHILD HEALTH PLUS** সমস্ত শিশুদের আয় বা অভিবাসন স্থিতি নির্বিশেষে বিনামূল্যে বা কম খরচে স্বাস্থ্য সেবা প্রদান করে। যদি আপনি যোগ্য হন, তাহলে আপনাকে আপনার সন্তানের জন্য স্বাস্থ্য প্ল্যান চয়ন করতে হবে। আপনার পরিচর্যাকে গুরুত্ব দিতে স্বাস্থ্য প্ল্যানে থাকা ডাক্তার (নেটওয়ার্ক), ক্লিনিক, হাসপাতাল এবং ফার্মেসী একসঙ্গে কাজ করে। আপনাকে স্বাস্থ্য প্ল্যান থেকে একজন ডাক্তারকে চয়ন করতে হবে যিনি হবেন আপনার সন্তানের প্রাইমারি কেয়ার প্রোভাইডার (PCP)। পরিচর্যার জন্য আপনার সন্তানকে তার PCP বা প্ল্যানের অন্যান্য ডাক্তারের কাছে নিয়ে যেতে হবে।

আপনার পরিবারের উপার্জনের উপর ভিত্তি করে Child Health Plus প্ল্যানসমূহের জন্য মাসিক প্রিমিয়াম জমা দিতে হতে পারে অথবা বিনামূল্যের হতে পারে। প্ল্যানে একই স্বাস্থ্য পরিচর্যা পরিষেবা কভার করা হবে। কিন্তু সবগুলো একই রকম নয়:

- সেখানে ভিন্ন ডাক্তার এবং হাসপাতাল নেটওয়ার্ক থাকতে পারে
- সেখানে ভিন্ন প্রেসক্রিপশনকৃত ওষুধের কভার দেওয়া হতে পারে
- সেগুলোর গুণমান এবং রোগী সন্তুষ্টি রেটিং ভিন্ন হতে পারে

### প্ল্যান বাছাই করা

আপনার সন্তানের জন্য সেরা প্ল্যান খুঁজতে সাহায্যের জন্য এগুলো করুন:

- আপনার সন্তানকে নিয়মিতভাবে যে ডাক্তারের কাছে দেখান তিনি Child Health Plus প্ল্যানের কোনগুলো প্রদান তা তাকে জিজ্ঞাসা করুন।
- আপনার কাছাকাছি প্ল্যানের নেটওয়ার্কের ডাক্তার, হাসপাতাল এবং ক্লিনিক আছে কিনা তা দেখুন।
- স্বাস্থ্য প্ল্যান আপনার সন্তানের ওষুধগুলোর কভার দেয় কিনা তা চেক করুন।
- আপনি যে ফার্মেসী থেকে ওষুধ নেন স্বাস্থ্য প্ল্যানটি সেখানে প্রেসক্রিপশন করতে দেবে কিনা বিবেচনা করুন।

- বার্ষিক কার্যকারিতার উপভোক্তা নির্দেশিকা পর্যালোচনা করুন, যেখানে প্ল্যানগুলোকে পরিষেবা, কার্যকারিতা এবং উপভোক্তা সন্তুষ্টির হিসাবে রেট দেওয়া আছে। নির্দেশিকা ব্যবহার করতে এখানে যান:  
[http://www.health.ny.gov/health\\_care/managed\\_care/consumer\\_guides/nyc/medicaid/](http://www.health.ny.gov/health_care/managed_care/consumer_guides/nyc/medicaid/)
- আপনাকে যদি স্বাস্থ্য প্ল্যানের সম্পূর্ণ খরচ দিতে হয় তাহলে আপনার পছন্দের প্ল্যানের মাসিক প্রিমিয়ামের তুলনা করুন এবং আপনি কতটা বহন করতে পারবেন তা চিন্তা করুন।

### প্রিমিয়াম প্রদান করা

উচ্চ উপার্জন রয়েছে এমন কিছু পরিবারকে অবশ্যই Child Health Plus-এর মাসিক প্রিমিয়াম দিতে হবে। প্রথম মাসের প্রিমিয়াম প্রদান না করা পর্যন্ত কভারেজ শুরু হবে না। আপনি বিল পাওয়ার আগে প্রিমিয়াম ঠিকানাতে পাঠিয়ে দিতে পারেন।

### New York City Child Health Plus প্ল্যান

Affinity Health Plan 1(866) 247-5678  
Fidelis Care New York 1(888) 343-3547  
EmblemHealth (HIP) 1(800) 447-8255  
Empire Blue Cross Blue Shield Health Plus 1(800) 600-4441  
Healthfirst PHSP, Inc. 1(866) 463-6743  
MetroPlus Health Plan 1(800) 303-9626  
United Healthcare Community Plan 1(800) 493-4647  
WellCare of New York 1(800) 288-5441

আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে [www.nyc.gov/hilink-এ](http://www.nyc.gov/hilink-এ)  
NYC Health Insurance Link দেখুন

BRC-961 (BE)

Rev. 05/16

Copyright 2016, The City of New York. Human Resources Administration/Department of Social Services. এই তথ্যপত্রের পুরোটা বা তার কোনো অংশ আবার তৈরি করার জন্য অনুমতি নিতে New York City Human Resources Administration এর সঙ্গে যোগাযোগ করুন।